চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম ।

চউক-এর সেবা কার্যক্রম নির্দেশিকা ঃ

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক

প্রকাশিত ।

প্ল্যানিং বিভাগ

পরিকল্পনা, ল্যান্ড ইউজ ও প্ল্যানিং পারমিট

বাস্তবায়ন কাল ঃ ১৫ (পনের) দিন ।

০১। ক) চউক মহাপরিকল্পনা অনুযায়ী ভূমির অবস্থান জানানোর আবেদন-

টাউন প্ল্যানার, চউক'র বরাবরে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

প্রস্তাবিত জমির দলিলের সত্যায়িত কপি।

আবেদনকারীর স্বাক্ষরসহ আর.এস. এবং বি, এস মৌজা ম্যাপে চিহ্নিত জায়গা এবং রাস্তা ও আশেপাশের বর্ণনাসহ লোকেশন ম্যাপ সম্বলিত চিহ্নিত নকশা ৩ (তিন) কপি।

আবেদিত কাজের জন্য প্রদেয় ফি (পূবালী ব্যাক, সিডিএ শাখায় ব্যাংক চালানের মাধ্যমে) টাঃ- ২,০০০/- (অফেরতযোগ্য)।

খ) ৬ (ছয়) তলা উর্দ্ধে বহুতল ভবন নির্মাণ ও চউক মহাপরিকল্পনার ভূমি ব্যবহারের জন্য আবেদন-

টাউন প্ল্যানার, চউক'র বরাবরে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

প্রস্তাবিত জমির দলিলের সত্যায়িত কপি।

আবেদনকারীর স্বাক্ষরসহ আর.এস. এবং বি,এস মৌজা ম্যাপে চিহ্নিত জায়গা এবং রাস্তা ও আশপাশের বর্ণনাসহ লোকেশন ম্যাপ সম্বলিত চিহ্নিত নকশা ৩ (তিন) কপি।

প্রস্তাবিত ভবনের বিভিন্ন ফ্লোরে ব্যবহারের ধরণ (শপিং, অফিস ও আবাসিক ইত্যাদি Schematic Diagram এবং যৌক্তিকতা।

গ) আবেদিত কাজের জন্য প্রদেয় ফি (পূবালী ব্যাংক, সিডিএ শাখায় ব্যাংক চালানের মাধ্যমে)-

আবাসিক টাঃ- ৫,০০০/-।

বাণিজ্যিক, আবাসিক-কাম-বাণিজ্যিক টাঃ- ৭,০০০/-।

শিল্প টাঃ- ১০,০০০/- (সকল ফি অফেরতযোগ্য)।

বিঃ দ্রঃ- উপরোক্ত সকল ফি পরিবর্তনযোগ্য।

ঘ) কোন অভিযোগ বা অপর কোন প্রয়োজনে যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর-

নির্বাহী প্রকৌশলী (এরিয়া প্ল্যানিং) চউক। ফোনঃ ৬২৭৭২৪

নির্বাহী প্রকৌশলী (আইপিডি) চউক। ফোনঃ ৬৩৬৭৮৬

টাউন প্ল্যানার, চউক। ফোনঃ ৬২৭৭২৫

ইমারত নির্মাণ বিভাগ

নকশা অনুমোদন

বাস্তবায়ন কাল ঃ ৪৫ (পঁয়তাল্লিশ) দিন ।

০১। ইমারত নির্মাণ নকশা জমা করন ঃ

ক) নকশা অনুমোদনের আবেদন অথরাইজেশন বিভাগে ২য় তলায় জমা করতে হবে ।

০২। আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজ পত্রাদি দাখিল করতে হবে-

ক) ৮ (আট) ফর্দ্দ নকশা চউক তালিকাভুক্ত স্থপতি, প্রকৌশলী দ্বারা প্রণয়ন ও স্বাক্ষরযুক্ত ।

খ) প্রস্তাবিত জমির দলিলের সত্যায়িত কপি ।

গ) প্রস্তাবিত জমিতে যাওয়ার জন্য লোকেশন ম্যাপ ।

ঘ) বিভিন্ন সংস্থা হতে অনাপত্তি সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ।

ঙ) প্রস্তাবিত জমির আর.এস. ও বি.এস. খতিয়ানের সত্যায়িত কপি ।

চ) প্রস্তাবিত জমির সয়েল টেষ্ট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ।

ছ) প্রস্তাবিত ষ্ট্রাকচারাল ডিজাইন (প্রযোজ্য ক্ষেত্রে) ।

০৩। ইমারত নির্মাণ নকশা অনুমোদনের ক্ষেত্রে চউক নির্ধারিত ফরম সংগ্রহ ঃ

ক) নির্ধারিত ফি পূবালী ব্যাংক, চউক শাখায় জমা প্রদান করে আবেদন ফর্ম সংগ্রহ করা যাবে ।

০৪। নকশা মঞ্জুরী ফি ঃ

ক) সরকার কর্তৃক নির্ধারিত ইমারতের সর্বমোট বেষ্টিত এলাকার আয়তনের উপর নির্ধারিত হারে ফি ব্যাংক চালানের মাধ্যমে পূবালী ব্যাংক, সিডিএ শাখায় জমা করতে হবে ।

০৫। কাজ সম্পন্ন হওয়ার সময়সীমা ঃ

ক) ৪৫ (পয়ঁতাল্লিশ) দিন (যদি কোন সমস্যা না থাকে) ।

০৬। কোন অভিযোগ বা অপর কোন প্রয়োজনে যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর ঃ

ক) প্রধান প্রকৌশলী ও চেয়ারম্যান ইমারত নির্মাণ কমিটি, চউক ।
ফোন নং- ২৮৫৩৯০০

খ) নির্বাহী প্রকৌশলী (অথরাইজেশন) ও সদস্য-সচিব, ইমারত নির্মাণ কমিটি, চউক ।
ফোন নং- ৬৩৩২৪৫

ভূমি শাখা

০১। প্লটের লীজ গ্রহীতার মৃত্যুতে ওয়ারিশ সূত্রে নামজারীঃ বাস্তবায়ন কাল ঃ ১৫ (পনের) দিন ।

ক) সচিব, চউক'র বরাবরে নিম্নবর্ণিত কাগজপত্র সহ আবেদন করতে হবে-

১। মৃতু সনদপত্র।

২। ওয়ারিশান সার্টিফিকেট (সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত)।

৩। মূল দলিল।

৪। প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট আদালত হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে হলফনামা।

৫। সকল ওয়ারিশের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

৬। নামজারী ফি টাঃ ১৫,০০০/- (পনর হাজার) মাত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)।

৭। প্লটের বিপরীতে ব্যাংক / আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গৃহীত হলে ঋণ সংক্রান্ত ছাড়পত্র।

খ) অনুমোদন প্রাপ্তির পর চউক'র নির্ধারিত নমুনা অনুযায়ী নামজারী চুক্তিনামা দলিল সম্পাদন করতে হবে।

০২। প্লট হস্তান্তরঃ বাস্তবায়ন কাল ঃ ১৫ (পনের) দিন ।

ক) চউক'র নির্ধারিত আবেদন ফর্ম-এ সচিব, চউক বরাবরে নিম্ন বর্ণিত কাগজপত্র সহ হস্তান্তর দাতা কে আবেদন করতে হবে-

১। মূল দলিল।

২। হস্তান্তর দাতা এবং গ্রহীতার ১টি করে পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।

৩। ইমারত থাকলে অনুমোদিত নকশার কপি।

৪। (ক) হস্তান্তর ফি (আবাসিক) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)-

১। আগ্রাবাদ আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ১,৮০,০০০/- মাত্র।

২। কাতালগঞ্জ আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ২,৫০,০০০/-মাত্র।

৩। চান্দগাঁও (মুরাদপুর) আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ১,৮০,০০০/-মাত্র।

৪। ষোলশহর পুনর্বাসন এলাকা, কাঠা প্রতি টাঃ ১,০০,০০০/- মাত্র।

৫। হালিশহর পুনর্বাসন এলাকা, কাঠা প্রতি টাঃ ১,৪০,০০০/- মাত্র।

৬। ফৌজদার হাট (কর্ণেল হাট) পুর্নবাসন এলাকা, কাঠা প্রতি টাঃ ১,০০,০০০/- মাত্র।

৭। কর্ণফুলী আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ২৫,০০০/- মাত্র।

৮। সিলিমপুর আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ৩০,০০০/- মাত্র।

৯। চন্দ্রিমা আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ১,০০,০০০/- মাত্র।

১০। চান্দগাঁও (২য় পর্যায়) আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ১,৬০,০০০/-মাত্র।

১১। কল্পলোক আবাসিক এলাকা, কাঠা প্রতি টাঃ ৬০,০০০/-মাত্র।

(খ) হস্তান্তর ফি (শিল্প) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)-

(১) সকল শিল্প এলাকার জমির হস্তান্তর ফি

ক) ফৌজদারহাট শিল্প এলাকা-কাঠা প্রতি টাঃ ৬০,০০০/-মাত্র।

খ) কালুরঘাট শিল্প এলাকা-কাঠা প্রতি টাঃ ৪৫,০০০/-মাত্র।

গ) মোহরা নক্সাস শিল্প এলাকা-কাঠা প্রতি টাঃ ৪৫,০০০/-মাত্র।

ঘ) ষোলশহর হালকা শিল্প এলাকা-কাঠা প্রতি টাঃ ৬০,০০০/-মাত্র।

(গ) হস্তান্তর ফি (বাণিজ্যিক) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)-

(১) সকল বাণিজ্যিক এলাকার জমির হস্তান্তর ফি নির্ধারিত মূল্যের ২৫% হারে আদায় যোগ্য।

(ঘ) ইমারত বিহীন আবাসিক, বাণিজ্যিক ও শিল্প প্লটের ক্ষেতে কাঠা প্রতি অতিরিক্ত টাঃ ১০,০০০/ মাত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)।

৫। সংশ্লিষ্ট প্লটের বিপরীতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে পূর্বে ঋণ গৃহীত হলে ঋণ পরিশোধের ছাড় পত্র।

৬। (ক) দাতা/গ্রহীতা Company হলে সে ক্ষেত্রে Company'র Memorandum and Articles of Association,Certificate of Incorporation এবং বোর্ড সভার সিদ্ধান্তঃ

(খ) হস্তান্তর অনুমিত পত্রের শর্ত অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তর দলিল রেজিষ্ট্রি পূর্বক চউক-এ দাখিল করতে হবে এবং চউক'র নির্ধারিত নমুনা অনুযায়ী হস্তান্তর পরবর্তী চুক্তিনামা দলিল সম্পাদন করতে হবে।

০৩। দান মূলে প্লট হস্তান্তর ঃ বাস্তবায়ন কাল ঃ ১৫ (পনের) দিন।

ক) সচিব, চউক'র বরাবরে নিম্নবর্ণিত কাগজ পত্র সহ আবেদন করতে হবে-

১। মূল দলিল।

২। প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট আদালত হতে দান দাতা এবং গ্রহীতার হলফনামা।

৩। ইমারত থাকলে অনুমোদিত নকশার কপি।

৪। স্বামী-স্ত্রী, পুত্র-কন্যাদের মধ্যে দান মূলে হস্তান্তরের ক্ষেত্রে হস্তান্তর ফি টাঃ ১৫,০০০/- মাত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)।

৫। প্লটের বিপরীতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গৃহীত হলে ঋণ সংক্রান্ত ছাড়পত্র।

৬। দান দাতা ও গ্রহীতার ১টি করে পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।

খ) দান মূলে হস্তান্তর অনুমতি পত্রের শর্ত অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তর দলিল রেজিষ্ট্রি পূর্বক চউক-এ দাখিল করতেহবে এবং চউক'র নির্ধারিত নমুনা অনুযায়ী দান মূলে হস্তান্তর পরবর্তী চুক্তিনামা দলিল সম্পাদন করতে হবে।

০৪। আমমোক্তার নিযুক্তকরণ ঃ বাস্তবায়ন কাল ঃ ১৫ (পনের) দিন।

ক) আমমোক্তার নিযুক্তির অনুমতির জন্য সচিব, চউক'র বরাবরে নিম্নবর্ণিত কাগজপত্র সহ আবেদন করতে হবে-

১। প্লটের বরাদ্দ/লীজ গ্রহীতার সথ্যায়িত ছবি ও প্রস্তাবিত আমমোক্তারের নাম, ঠিকানা ও পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।

২। আমমোক্তার গ্রহীতার নমুনা স্বাক্ষর আমমোক্তার দাতা কর্তৃক সত্যায়িত।

৩। আমমোক্তার দাতা/গ্রহীতা Company হলে সে ক্ষেত্রে Company'র Memorandum and Articles of Association, Certificate of Incorporation এবং বোর্ড সভার সিদ্ধান্ত।

খ) অনুমতি পত্রের শর্ত অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আমমোক্তারনামা দলিল রেজিষ্ট্রি পূর্বক চউক-এ দাখিল করতে হবে এবং আমমোক্তারনামা বিদেশ হতে প্রেরিত হলে সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়ন পূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে ষ্ট্যাম্পযুক্ত হতে হবে।

০৫। প্লটের জামানত ফেরতঃ বাস্তবায়ন কালঃ ১৫ (পনের) দিন।

সচিব, চউক বরাবরে চউক'র নির্ধারিত ফর্ম-এ জামানতের মূল রশিদ সহ আবেদন করতে হবে।

০৬। আবাসিক, বাণিজ্যিক ও শিল্প ঋণ গ্রহণের ছাড়পত্র (NOC)ঃ বাস্তবায়ন কালঃ ১৫ (পনের) দিন।

ক) সচিব, চউক'র বরাবরে নিম্নবর্ণিত কাগজপত্র সহ আবেদন করতে হবে-

১। চউক নির্ধারিত নমুনা মোতাবেক প্লটের লীজ গ্রহীতা এবং ঋনদানকারী সংস্থা হতে অঙ্গীকারনামা।

২। মূল দলিল।

৩। ছাড়পত্র ফি আবাসিক প্লট প্রতি টাঃ- ১০,০০০/- মাত্র, বাণিজ্যিক প্লট প্রতি টাঃ- ১৫,০০০/- মাত্র ও শিল্প প্লট একর প্রতি টাঃ- ৩০,০০০/- মাত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)।

৪। পূর্বে ঋণ গ্রহণ করা হয়ে থাকলে ঋণ পরিশোধ সংক্রান্ত ছাড়পত্র।

৫। আমমোক্তার দাতা/গ্রহীতা Company হলে সে ক্ষেত্রে Company'র Memorandum and Articles of Association, Certificate of Incorporation এবং বোর্ড সভার সিদ্ধান্ত।

বিঃ দ্রঃ সকল ফি পরিবর্তনযোগ্য।

০৭। অধিক তথ্যঃ

১। সচিব, চউক। ফোন নং-৬২০৯৮৮

২। সিনিয়র এষ্টেট অফিসার, চউক ফোন নং- ৬৩৭৭৬৫

৩। এষ্টেট অফিসার (ল্যান্ড), চউক। ফোন নং-৬৩৮৯৬৫

৪। চউক ভবনের ২য় তলাস্থ সেবাদান কেন্দ্রে যোগাযোগ।

এস্টেট (বিল্ডি)

মার্কেট, ভবন ইত্যাদির জন্য

০১। কাজের নামঃ

দোকান/অফিস স্পেসের ভাড়া রশিদ সংগ্রহ, ভাড়া চুক্তি নামা নবায়ন/সম্পাদন, দোকান/স্পেসের বরাদ্দকরণ, দখলস্বত্ব হস্তান্তর, নামজারী, দানপত্র মূলে হস্তান্তর, নাদাবীনামা মূলে হস্তান্তর, দোকান বিভক্তিকরণ, দেয়াল অপসারণ, পুনঃস্থাপন, বরাদ্দ বাতিল / বরাদ্দ বাতিলাদেশ প্রত্যাহার, ডিসপ্লে স্থাপন, মেজনীন ফ্লোর নির্মাণ, ফ্লোর মেরামত, টাইলস স্থাপন / মোজাইক ইত্যাদি ।

বাস্তবায়ন কাল ঃ ১৫ (পনের) দিন ।

০২। যার বরাবরে দরখাস্ত করতে হবে তার পদবী ও টেলিফোন নম্বর ঃ

সচিব, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চউক ভবন, চট্টগ্রাম ।

ফোন ঃ ৬২০৯৮৮ (অফিস)

০৩। দরখাস্তের সাথে দাখিলযোগ্য কাগজপত্রের বিবরণঃ

১) নবায়নের ক্ষেত্রে আবেদন, সমিতির সুপারিশ, হালনাগদ চউক'র পাওনা পরিশোধিত টাকার রশিদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান, চউক বরাবরে)

২) হস্তান্তরের ক্ষেত্রে দাতা ও গ্রহীতার মধ্যে সম্পাদিত দলিলের মূল কপি, পুরাতন দলিল ফেরত, হলফনামা, ফি'র পে-অর্ডার/ড্রাফট, বণিক সমিতির ছাড়পত্র/পত্যায়নপত্র/সুপারিশ ক্রেতা ও বিক্রেতার সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি, জাতীয়তা সনদপত্র, হালনাগাদ চউক'র পাওনা পরিশোধিত টাকার রশিদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান চউক বরাবরে) ।

৩) নামজারীর ক্ষেত্রে ওয়ারিশ সনদপত্র/সাকসেশান সার্টিফিকেট, মৃত্যু সনদপত্র, সকল ওয়ারিশের সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, ফি (প্রযোজ্য ক্ষেত্রে) বণিক সমিতির সুপারিশ, হলফনামা, চউক'র পাওনা পরিশোধিত টাকার রশিদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (চেয়ারম্যান চউক বরাবরে) ।

৪) দানপত্র মূলে হস্তান্তরের ক্ষেত্রে- সম্পাদিত দলিলের মূলকপি, হলফনামা, বণিক সমিতির সুপারিশ, হালনাগাদ চউক'র পাওনা পরিশোধিত টাকার রশিদ, ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ।

৫) নাদাবীনামা মূলে হস্তান্তরের ক্ষেত্রে-ঐ ।

৬) বিভক্তিকরণ,দেয়াল অপসারণ, পুনঃস্থাপন, ডিসপ্লে, মেজনীন ফ্লোর নির্মাণ, ফ্লোর মেরামত, টাইলস স্থাপন/মোজাইক ইত্যাদি ক্ষেত্রে-আবেদন ফি (প্রযোজ্য ক্ষেত্রে)

৭) বরাদ্দ পুনর্বহাল'র ক্ষেত্রে-আবেদন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ।

০৪। **নির্ধারিত কোন ফর্ম থাকলে তা সংগ্রহ স্থলের ঠিকানা ঃ**

১। মার্কেট সুপারের কার্যালয় (বিপনি বিতান/কর্ণফুলি মার্কেট/ পাহাড়তলী মার্কেট/কাজীরদেউড়ী/ বহদ্দারহাট বাস টার্মিনাল)।

০৫। **কোন অভিযোগ বা অপর কোন প্রয়োজনে যোগাযোগের ঠিকানা ও টেলিফোন নম্বর ঃ**

সচিব, এষ্টেট অফিসার (বিল্ডিং), চউক, চউক ভবন, চট্টগ্রাম।

ফোন ঃ- ৬২০৯৮৮ (সচিব), ৬৩৮৯৬৫ (এষ্টেট অফিসার বিল্ডিং)।

০৬। **আবেদিত কাজের জন্য প্রদেয় ফি (অংকে ও কথায়)ঃ**

(ক) বিপনি বিতান ঃ

১। হস্তান্তর/দেয়াল অপসারণ/ বিভক্তিকরণ ঃ নীচতলা-৭০,০০০/- (সত্তর হাজার), ২য়তলা-৫৩,০০০/- (তিপ্পান্ন হাজার), ৩য় তলা-৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার), ৪র্থ তলা-৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) এবং বি/ব্লক ১৫,০০০/- (পনের হাজার) টাকা।

২। নবায়ন ফি ৫০০/- (পাঁচশত) টাকা। (সকল মার্কেটের ক্ষেত্রে)।

৩। ব্যবসা পরিবর্তন ফি ৬ (ছয়) মাসের ভাড়ার সম পরিমাণ অর্থ।

৪। বরাদ্দ পুনর্বহাল ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা।

৫। জামানত-১২ (বার) মাসের ভাড়ার সম-পরিমাণ অর্থ ও ১ (এক) মাসের অগ্রিম ভাড়া।

৬। নতুন বরাদ্দের ক্ষেত্রে ভ্যাট ও আয়-কর প্রযোজ্য।

(খ) কর্ণফুলী মার্কেট ঃ

(১) হস্তান্তর-মূলভবন ঃ ১২,০০০/- (বার হাজার) ও কাঁচা বাজার-৫,০০০/- (পাঁচ হাজার), মাছ বাজার-৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।

(২) জামানত-১২ (বার) মাসের ভাড়ার সম-পরিমাণ অর্থ ও ১ (এক) মাসের অগ্রিম ভাড়া।

(৩) দেয়াল অপসারণ/বিভক্তিকরণ ফি-১০,০০০/- (দশ হাজার) টাকা।

(৪) বরাদ্দ পুনর্বহাল ফি- ৩,০০০/- (তিন হাজার) টাকা।

(৫) নতুন বরাদ্দের ক্ষেত্রে ভ্যাট ও আয়-কর প্রযোজ্য।

(গ) পাহাড়তলী মার্কেট ঃ

(১) হস্তান্তর/দেয়াল অপসারণ/ বিভক্তিকরণ ফি-১০,০০০/- (দশ হাজার) টাকা।

(২) বরাদ্দ পুনর্বহাল ফি- ৩,০০০/- (তিন হাজার) টাকা।

(৩) জামানত-০৪ (চার) মাসের ভাড়ার সম-পরিমাণ অর্থ ও ১ (এক) মাসের অগ্রিম ভাড়া।

(ঘ) লতিফপুর কিচেন মার্কেট ঃ

(১) হস্তান্তর/বরাদ্দ পুনর্বহাল ফি ২০০/- (দুই শত) টাকা।

(২) নতুন বরাদ্দের ক্ষেত্রে ভ্যাট ও আয়-কর প্রযোজ্য।

(ঙ) কাজীর দেউড়ী মার্কেট ঃ

মূল ভবন-১। হস্তান্তর/দেয়াল অপসারণ/ বিভক্তিকরণ ফি নীচতলা-১০,০০০/- (দশ হাজার) ও ২য় তলা-৫,০০০/- (পাঁচ হাজার) এবং কাঁচা বাজার- ৪,০০০/- (চার হাজার) টাকা।

২। বরাদ্দ পুনর্বহাল ফি- ৩,০০০/- (তিন হাজার) টাকা।

৩। জামানত-১২ (বার) মাসের ভাড়ার সম-পরিমাণ অর্থ ও ১ (এক) মাসের অগ্রিম ভাড়া।

৪। নতুন বরাদ্দের ক্ষেত্রে ভ্যাট ও আয়-কর প্রযোজ্য।

(চ) বহদ্দারহাট আঞ্চলিক বাস টার্মিনাল ঃ

১। হস্তান্তর/দেয়াল অপসারণ/ বিভক্তিকরণ ফি ১২ (বার) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ।

২। জামানত-১২ (বার) মাসের ভাড়ার সম-পরিমাণ অর্থ ও ১ (এক) মাসের অগ্রিম ভাড়া।

৩। বরাদ্দ পুনর্বহাল ফি- ৩,০০০/- (তিন হাজার) টাকা।

(উপরোক্ত সকল ফি পরিবর্তন যোগ্য)।

৪। নতুন বরাদ্দের ক্ষেত্রে ভ্যাট ও আয়-কর প্রযোজ্য।

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক
প্রকাশিত।